

স্মারক নং- ০৫.৪২.১২০০০.০১৪.৪১.০০৪.২৩-১৮৮

তারিখ: ১২ পৌষ ১৪৩০
২৭ ডিসেম্বর ২০২৩

গণবিজ্ঞপ্তি

বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়ের ২৪ ডিসেম্বর ২০২৩ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩-৮৩০ সংখ্যক স্মারকের নির্দেশনা অনুযায়ী আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত হতে ভোটগ্রহণের দিন দিবাগত মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নির্বাচনি এলাকায় নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হল।

১) ট্যাক্সি ক্যাব	২) পিকআপ	৩) মাইক্রোবাস	৪) ট্রাক
-------------------	----------	---------------	----------

২। এছাড়া, ০৫ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত ১২:০০ টা হতে ০৮ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নির্বাচনি এলাকায় মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

৩। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিল থাকবে-

(ক) আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক:

(খ) জরুরি সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন;

গ) আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন;

(ঘ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১টি গাড়ী (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীতে স্টীকার প্রদর্শন সাপেক্ষে চলাচল করতে পারবে;

ঙ) সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরী কোন কাজে ব্যবহৃত মোটর সাইকেল রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে চলাচল করতে পারবে;

চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারি অথবা অন্য কোন ব্যক্তির মোটর সাইকেল চলাচল করতে পারবে; এবং

(ছ) জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় এ নিষেধাজ্ঞা শিথিলযোগ্য।

৪। সংশ্লিষ্ট সকলের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ গণবিজ্ঞপ্তি জারি করা হলো।

স্বাঃ-

মোহাম্মদ হাবিবুর রহমান

জেলা ম্যাজিস্ট্রেট

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন


ব্রাহ্মণবাড়িয়া

☎ ০২-৩৩৪৪২৭১২

ই-মেইল: dcbrahmanbaria@mopa.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪. সিনিয়র সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
১০. উপ-মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম
১১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. উপসচিব, নির্বাচন পরিচালনা-২, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া
১৪. অধিনায়ক, ২৫ বিজিবি, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া
১৫. অধিনায়ক, ৬০ বিজিবি, সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
১৭. কোম্পানী কমান্ডার, সিপিসি-১, র‍্যাব-৯, ব্রাহ্মণবাড়িয়া
১৮. উপপরিচালক, স্থানীয় সরকার, ব্রাহ্মণবাড়িয়া
১৯. জেলা নির্বাচন কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া
২০. উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী রিটার্নিং অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
২১. জেলা কমান্ড্যান্ট, জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
২২. জেলা তথ্য কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া (গণবিজ্ঞপ্তি প্রত্যেক উপজেলায় মাইকযোগে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
২৩. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৪. উপজেলা নির্বাচন অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
২৫. অফিসার ইন-চার্জ, সকল থানা, ব্রাহ্মণবাড়িয়া
২৬. সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, ব্রাহ্মণবাড়িয়া
২৭. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, ব্রাহ্মণবাড়িয়া (জনস্বার্থে বিনামূল্যে প্রচার করার জন্য অনুরোধ করা হলো)
২৮. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব,, ব্রাহ্মণবাড়িয়া (জনস্বার্থে বিনামূল্যে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।


২৭/১২/২০২৩
জেলা ম্যাজিস্ট্রেট

ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
ব্রাহ্মণবাড়িয়া
৫